

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১২, ২০১৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৯ বৈশাখ, ১৪২৩/১২ মে, ২০১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৯ বৈশাখ, ১৪২৩ মোতাবেক ১২ মে, ২০১৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১৬ সনের ২৩ নং আইন

**Members of Parliament (Remuneration and Allowances) Order,
1973 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 (P.O. No. 28 of 1973) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Members of Parliament (Remuneration and Allowances) (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের—

(ক) ধারা ২, ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) অন্যান্য ধারাসমূহ ১ জুলাই, ২০১৬ তারিখ হইতে কার্যকর হইবে।

(৭৪১৫)

মূল্য : টাকা ৪.০০

২। **P.O. No. 28 of 1973** এর **Article 3** এর সংশোধন।—Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 (P.O. No. 28 of 1973), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 3 এর “twenty seven thousand and five hundred” শব্দগুলির পরিবর্তে “fifty five thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **P.O. No. 28 of 1973** এর **Article 3A** এর সংশোধন।—উক্ত Order এর Article 3A এর “seven thousand and five hundred” শব্দগুলির পরিবর্তে “twelve thousand and five hundred” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪। **P.O. No. 28 of 1973** এর **Article 3B** এর সংশোধন।—উক্ত Order এর Article 3B এর “three thousand” শব্দগুলির পরিবর্তে “five thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **P.O. No. 28 of 1973** এর **Article 3CC** এর সংশোধন।—উক্ত Order এর Article 3CC এর “forty thousand” শব্দগুলির পরিবর্তে “seventy thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **P.O. No. 28 of 1973** এর **Article 3D** এর সংশোধন।—উক্ত Order এর Article 3D এ উল্লিখিত “nine thousand” শব্দগুলির পরিবর্তে “fifteen thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **P.O. No. 28 of 1973** এর **Article 3E** এর সংশোধন।—উক্ত Order এর Article 3E এর—

(ক) clause (a) এর “one thousand” শব্দগুলির পরিবর্তে “one thousand and five hundred” শব্দগুলি; এবং

(খ) clause (b) এর “four thousand” শব্দগুলির পরিবর্তে “six thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। **P.O. No. 28 of 1973** এর **Article 5** এর সংশোধন।—উক্ত Order এর Article 5 এর clause (1) এর “three hundred” শব্দগুলির পরিবর্তে “seven hundred and fifty” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৯। **P.O. No. 28 of 1973** এর **Article 6** এর সংশোধন।—উক্ত Order এর Article 6 এর—

(ক) clause (1) এর—

(অ) sub-clause (a) এর “seventy five thousand” শব্দগুলির পরিবর্তে “one lakh and twenty thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) sub-clause (b) এর “seventy five thousand” শব্দগুলির পরিবর্তে “one lakh and twenty thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) clause (2) এর “seventy five thousand” শব্দগুলির পরিবর্তে “one lakh and twenty thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১০। **P.O. No. 28 of 1973** এর **Article 6B** এর সংশোধন।—উক্ত Order এর Article 6B এর clause (1) এর “three lakh” শব্দগুলির পরিবর্তে “five lakh” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব।